

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪২১

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالى)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - বিভিন্ন সময়ের পঠিতব্য দু'আ

بَابُ الدَّعْوَاتِ فِي الْأَوْقَاتِ

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ سَرْجِسَ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا سَافَرَ يَتَعَوَّذُ مِنْ وَعْتَاءِ السَّفَرِ وَكَآبَةِ الْمُنْقَلَبِ وَالْحَوْرِ بَعْدَ الْكَوْرِ وَدَعْوَةِ الْمَظْلُومِ وَسُوءِ الْمَنْظَرِ فِي الْأَهْل وَالْمَال. رَوَاهُ مُسلم

বাংলা

২৪২১-[৬] 'আবদুল্লাহ ইবনু সারজিস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সফরে রওনা হতেন, তখন সফরের কষ্ট, প্রত্যাবর্তনের অনিষ্ট, কল্যাণের পর অকল্যাণ, মাযলূমের দু'আ ও পরিবার-পরিজন ও ধন-সম্পদের ব্যাপারে খারাপ দৃশ্য দেখা হতে আল্লাহর কাছে আশ্রয় চাইতেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ১৩৪৩, নাসায়ী ৫৫০০, ইবনু মাজাহ ৩৮৮৮, মুসান্নাফ আবদুর রাযযাক্ব ৯২৩১, ইবনু আবী শায়বাহ্ ২৯৬০৭, আহমাদ ২০৭৭১, দারিমী ২৭১৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَدَعُوّةِ الْمَظْلُوْمِ) অর্থাৎ- আমি তোমার নিকট যুলম করা থেকে আশ্রয় চাচ্ছি। কেননা মাযলূমের দু'আ আল্লাহর নিকট সরাসরি পৌঁছে যায় এবং মাযলূমের দু'আ ও আল্লাহ তা'আলার মাঝে কোন আবরণ থাকে না।

'আল্লামা বাজী (রহঃ) বলেনঃ আল্লাহ তা'আলার কাছে কু-দৃষ্টি থেকে আশ্রয় চাওয়া দ্বারা উদ্দেশ্য হলো, পরিবার-পরিজন ও সম্পত্তির প্রতি যে কুদৃষ্টি দেয়া হয় (পরিবারে ক্ষতি সাধন, সম্পদ হরণ, চুরি ইত্যাদি) তা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন